198

দৈনিক সংবাদ

তারিখ MAR. 22 1999
পৃষ্ঠা ৭ কলাম ৩

রাবি ছাত্রলীগ (বা-অ) শাখা

# পাঁচ বছর পর নতুন কমিটি

রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ অবশেষে দীর্ঘ প্রায় ৫ বছর পর রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের (বা-অ) কমিটি গঠন করা হয়েছে।

গত ৩ দিন ধরে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক অজয়কর খোকন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থান করে নেতা-কর্মীদের সাথে বৈঠক ও আলোচনাশেষে সাখাওয়াত হোসেন শফিককে সভাপতি এবং আহসানুল হককে সাধারণ সম্পাদক করে গত ২০শে মার্চ রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের কমিটি গঠন করেন। তবে কমিটির অন্য সদস্যদের নাম ঘোষণা করা হয়নি।

উল্লেখ্য, ১৯৯৪ সালের সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত সম্মেলনের প্রায় ৪ বছর পর '৯৭-র ২৭শে নভেম্বর বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলন অনুষ্ঠিত হয়। এর প্রায় ১৭ মাস পর আজ নতুন সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচনের মাধ্যমে কমিটি গঠন করা হলো।

নতুন কমিটি গঠিত হওয়ায় ক্যাম্পাসে সাধারণ কর্মী ও ছাত্রছাত্রীদের মাঝে প্রাণচাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ছাত্র ইউনিয়ন এক বিবৃতিতে নবনির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদককে অভিনন্দন জানিয়েছে।